অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/29/2022 **গভর্নর ক্যাথি হোকল**

ডাউনটাউন আলবানিকে হাডসন রিভার ওয়াটারফ্রন্টের সাথে সংযুক্তকারী আলবানি স্কাইওয়ে চালু হওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

নতুন এলিভেটেড পার্ক রাজধানী অঞ্চলের অধিবাসী ও দর্শনার্থীদের জন্য চিত্তবিনোদনের সুযোগ-সুবিধা বৃদ্ধি করছে

রূপান্তরমূলক এই প্রকল্প আশেপাশের এলাকাগুলো পুনরায় সংযুক্ত করা এবং জীবনযাত্রার মান উন্নত করার গভর্নর হোকলের লক্ষ্যকে সমর্থন করে; পর্যটন ও অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে অগ্রগতি সাধন করছে এবং ডাউনটাউন আলবানিকে সরাসরি এম্পায়ার স্টেট ট্রেইলের সাথে সংযুক্ত করছে

লিভিংস্টন এভিনিউ ব্রিজ প্রতিস্থাপন প্রকল্পের সরকারি প্রক্রিয়া জুন মাসে শুরু হবে

ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ রূপান্তরমূলক আলবানি স্কাইওয়ে চালু হওয়ার কথা ঘোষণা করেছেন, যা ডাউনটাউন আলবানি ও হাডসন রিভার ওয়াটারফ্রন্টকে পুনরায় সংযুক্তকারী একটি এলিভেটেড পার্ক। এই স্কাইওয়ে উত্তর দিকের ইন্টারস্টেট 787 থেকে বের হয়ে আসার যথাযথভাবে ব্যবহার না হওয়া একটি পথকে একটি শহুরে মরুদ্যানে রূপান্তর করেছে যা কর্নারিং রিভারফ্রন্ট পার্ক (Corning Riverfront Park) এবং মোহাক হাডসন হাইক বাইক ট্রেইল - যা এম্পায়ার স্টেট ট্রেইলের অংশ - সহজে অ্যাক্সেস করার সুযোগ করে দিয়েছে, যার ফলে চিত্তবিনোদনের সুযোগ-সুবিধা বৃদ্ধি পেয়েছে এবং রাজধানী অঞ্চলে পর্যটন ও অর্থনৈতিক ক্রিয়াকলাপ আরো সামনে এগিয়ে যাচ্ছে। স্টেটের পরিবহন বিভাগ (Department of Transportation) প্রকল্পটি তদারকি করেছে এবং আলবানি সিটির সাথে অংশীদার হয়ে কাজ করার মাধ্যমে স্কাইওয়ে নির্মাণের ক্ষেত্রে নেতৃত্বের ভূমিকা পালন করছে। আলবানি সিটি স্কাইওয়ে রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করবে।

"আলবানি স্কাইওয়ের নির্মাণকাজ সম্পন্ন হওয়াটা সিটির জন্য একটি উল্লেখযোগ্য পরিবর্তন এবং সমতা ও সংযোগের পক্ষে প্রচারণা চালানো একটি রূপান্তরমূলক অবকাঠামো প্রকল্পের নিখুঁত উদাহরণ," **বলেছেন গভর্নর হোকল।** "অবকাঠামো শুধু রাস্তা ও সেতু নির্মাণের চেয়ে বেশি কিছু হতে পারে - স্কাইওয়ের মতো এটি জীবনযাত্রার মান উন্নত করা এবং অতীতের ভুল

সংশোধন করার একটি বিষয়ে হতে পারে। এই ফিতা কাটার মধ্য দিয়ে আমরা বিভক্ত কমিউনিটিগুলোকে পুনরায় একত্রিত করছি, আলবানির নান্দনিক জলভূমিকে পুনরুজ্জীবিত করছি, এবং নিউ ইয়র্কে অবকাঠামোর ভবিষ্যতের জন্য একটি রূপান্তরমূলক ভিশন হিসেবে একটি স্কাইওয়ে নির্মাণের জন্য পুনরায় অঙ্গীকারাবদ্ধ হচ্ছি।"

গভর্নর হোকল আরো ঘোষণা করেছেন যে লিভিংস্টন এভিনিউ রেলপথ সেতু প্রতিস্থাপনের জন্য সরকারি প্রক্রিয়া পরিবহন বিভাগের নেতৃত্বে একটি আনুষ্ঠানিক প্রকাশ্য শুনানি অনুষ্ঠিত হওয়ার মধ্য দিয়ে জুন মাস থেকে শুরু হবে। আগামী সপ্তাহগুলোতে তারিখ ও আলবানি সিটির একটি জায়গা নির্ধারণ করা হবে। এই সেতু উত্তরপূর্ব করিডর থেকে আলবানি-রেনসেলার পর্যন্ত যাত্রীবাহী রেল পরিষেবার জন্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সংযোগ প্রদান করে। 32.8 বিলিয়ন ডলারের এই নতুন DOT মূলধন পরিকল্পনার মধ্যে গৃহযুদ্ধের সময়কালে নির্মিত বিদ্যমান সেতুটি অধিকতর উচ্চ-গতিসম্পন্ন যাত্রীবাহী রেল, ফ্রেইট রেট, মেরিটাইম পরিবহন, ও বাইসাইকেল আরোহী-পথচারীদের অ্যাক্সেস সমর্থনকারী একটি নতুন, আধুনিক কাঠামো দিয়ে প্রতিস্থাপনের জন্য 400 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে।

আলবানি স্কাইওয়ে

এই স্কাইওয়ে প্রকল্প যথাযথভাবে ব্যবহৃত না হওয়া ক্লিনটন এভিনিউ র‍্যাম্প স্থায়ীভাবে বন্ধ করে দিয়েছে, যা ইন্টারস্টেট 787 এর নিচ দিয়ে গমন করে এবং কর্নিং প্রিজার্ভের নিকটবর্তী কুয়ে স্ট্রিটকে ব্রডওয়ে ও কোয়াকেনবুশ স্কয়ারের ক্লিনটন এভিনিউয়ের সাথে সংযুক্ত করেছে। র‍্যাম্পটিকে পথচারী ও বাইসাইকেল চালকদের জন্য একাধিক ব্যবহারের উপযোগী, ল্যান্ডস্কেপস্বরূপ একটি পার্ক হিসেবে পুনরুদ্ধার করা হয়েছে যা ডাউনটাউন আলবানি এবং আশেপাশের এলাকাগুলো যেমন আর্বার হিল, শেরিডান হলো ও ওয়্যারহাউজ ডিস্ট্রিক্ট থেকে হাডসন রিভার ও কর্নিং রিভারফ্রন্ট পার্ক পর্যন্ত নিরাপদ, মোটরযানবিহীন অ্যাক্সেস প্রদান করবে। আনুমানিক অর্ধ-মাইল-দীর্ঘ এই স্কাইওয়ে সম্পূর্ণরূপে অ্যাক্সেসযোগ্য এবং প্রতিবন্ধী আমেরিকানদের জন্য আইনের সাথে সঙ্গতিপূর্ণ।

এছাড়াও এই স্কাইওয়েতে রয়েছে পথের পাশে পথচারীদের জন্য আলোর ব্যবস্থা, বসার জায়গা ও গাছ লাগানোর জায়গা এবং ব্রডওয়ের প্রবেশপথের কাছে একটি ছায়াঢাকা কাঠামো। অ্যাম্ফিথিয়েটার স্টাইলের বসার ব্যবস্থা হাডসন রিভারের নান্দনিক দৃশ্য সামনে রেখে বিশ্রাম নেওয়ার মতো একটি পরিবেশ প্রদান করে।

স্কাইওয়েটি নিউ ইয়র্ক স্টেটের বিখ্যাত এম্পায়ার স্টেট ট্রেইলের সফলতার সঙ্গে যোগ হতে যাচ্ছে যেটি দেশের দীর্ঘতম একাধিক-ব্যবহার উপযোগী স্টেট ট্রেইল। 2020 সালের ডিসেম্বর মাসে নির্মাণকাজ সম্পন্ন হওয়া এই ট্রেইলটি 750 মাইল দীর্ঘ এবং নিউ ইয়র্ক সিটি থেকে হাডসন ও চ্যাম্পলেইন ভ্যালির মধ্য দিয়ে কানাডা পর্যন্ত, এবং এরি ক্যানেল সংলগ্ন হয়ে আলবানি থেকে বাফেলো পর্যন্ত চলে গেছে। এটি নিউ ইয়র্ক স্টেটের বৈচিত্র্যময় ল্যান্ডস্কেপের অভিজ্ঞতা গ্রহণ করতে নিউ ইয়র্কবাসী ও পর্যটকদের জন্য একটি নিরাপদ ও নৈসর্গিক দৃশ্য সমৃদ্ধ পথ প্রদান করে।

কর্নিং রিভারফ্রন্ট পার্কিং লটের উত্তর ও দক্ষিণ প্রান্তে কুয়ে স্ট্রিট ব্যাপী স্কাইওয়ে অ্যাক্সেস করতে ব্যবহারকারীদের জন্য ক্রসওয়াক, উচ্চতর-দৃশ্যমান ক্রসিং সাইন ও পুশ-বাটন-বিশিষ্ট বিকন প্রদান করা হয়েছে। কর্নিং রিভারফ্রন্ট লট থেকে কুয়ে স্ট্রিট অতিক্রমকারী ব্যবহারকারীদেরকে ক্রসওয়াক এবং ফ্ল্যাশিং বিকন সক্রিয়কারী পুশ বাটন ব্যবহার করার কথা মনে করিয়ে দেওয়া হচ্ছে। মোটরযান চালকদের স্কাইওয়ে ও ক্রসওয়াকের কাছাকাছি আসার সময় গতি কমানোর জন্য এবং পথচারী ও সাইকেল চালকদের উপস্থিতির ব্যাপারে সতর্ক থাকার জন্য মনে করিয়ে দেওয়া হচ্ছে।

দর্শনার্থীরা আলবানিতে ব্রডওয়ে থেকে, অথবা হাডসন রিভার সংলগ্ন কর্নিং রিভারফ্রন্ট প্রিজার্ভ পার্কিং লট থেকে সরাসরি স্কাইওয়েতে পৌঁছাতে পারবেন। কর্নিং রিভারফ্রন্ট প্রিজার্ভ পার্কিং লটে পৌঁছাতে:

ডাউনটাউন আলবানির ব্রডওয়ে থেকে: ব্রডওয়ে বরাবর ফ্রন্টেজ রোডের সংযোগ পর্যন্ত এগিয়ে যান। কুয়ে স্ট্রিটে পৌঁছানোর জন্য I-787 এর নিচ দিয়ে এগিয়ে যান। কুয়ে স্ট্রিটে বামে মোড় নিন এবং কর্নিং রিভারফ্রন্ট পার্কিং লট পর্যন্ত চলে যান।

উত্তরমুখী I-787 থেকে: এক্সিট 4 দিয়ে বের হন। এক্সিট র‍্যাম্প অনুসরণ করুন এবং কুয়ে স্ট্রিটের ডানপাশে থাকুন। কুয়ে স্ট্রিট বরাবর কর্নিং রিভারফ্রন্ট পার্কিং লট পর্যন্ত চলে যান।

দক্ষিণমুখী I-787 থেকে: এক্সিট 4B দিয়ে বের হন। ব্রডওয়েতে বামে মোড় নিন। ডাউনটাউন আলবানিতে ব্রডওয়ে বরাবর উপরোক্ত নির্দেশনা অনুসরণ করুন।

লিভিংস্টন এভিনিউ সেতু

লিভিংস্টন এভিনিউ যাত্রীবাহী রেল সেতু প্রকল্প 1865 সালে গৃহযুদ্ধের সময়কালে হাডসন রিভারের উপর নির্মিত যাত্রীবাহী রেল সেতুটিকে প্রতিস্থাপন করবে, যেটি বর্তমানে রেনসেলার ও আলবানিকে রেলপথের দ্বারা সংযুক্ত করেছে এবং নিউ ইয়র্ক সিটি থেকে ওয়েস্টার্ন NY পর্যন্ত যাত্রীবাহী রেল পরিষেবার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ পথ প্রদান করে। CSX-এর মালিকানাধীন ও অ্যামট্র্যাকের (Amtrak) কাছে লিজ দেওয়া বর্তমান অবকাঠামোর অবস্থার অবনতি ঘণ্টায় 15 মাইল গতিবেগে একবারে একটি করে ট্রেন চলাচলের মধ্যে সীমিত করে দিয়েছে। নতুন ব্রিজটি উন্নত যাত্রী পরিষেবা প্রদান করবে।

বর্তমানের অপসারণযোগ্য সুইং ব্রিজ একটি নতুন লিফট-ধরনের ব্রিজ দিয়ে প্রতিস্থাপন করা হবে যা কাঠামোটিকে যাত্রীবাহী ও ফ্রেইট ট্রেনের জন্য উচ্চতা, প্রশস্ততা ও গতির ক্ষেত্রে আধুনিক মানদণ্ডে তুলে আনবে এবং হাডসন রিভার দিয়ে আরো বেশি নির্ভরযোগ্য উপায়ে নৌযান চলাচলের ব্যবস্থা করবে। নতুন ব্রিজটি বিদ্যমান ব্রিজটির দক্ষিণ পাশে সমান্তরাল অবস্থানে থাকবে এবং দুইটি রেল ট্র্যাক বহন করবে। ট্র্যাকের কাজগুলোর মধ্যে ট্রেন মোড় নেয়ার জন্য নড়াচড়া সহজতর করতে রেনসেলারের পাশে রেল ট্র্যাকের ত্রিকোণাকার জাংশনের উন্নয়ন এবং পানির উপরে ও আলবানির পাশে সেন্টার স্ট্রিটে রেল ব্রিজের সংস্কার ও পুনর্গঠন অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও এই নতুন সেতুতে আলবানি স্কাইওয়েকে সংযুক্ত করা এবং এম্পায়ার

স্টেট ট্রেইল থেকে রেনসেলার সিটি পর্যন্ত শেয়ারে ব্যবহারের জন্য একটি পৃথক পথ অন্তর্ভুক্ত থাকবে।

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ (Downtown Revitalization Initiative)

2018 সালে ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (DRI) রাউন্ড 3-এর বিজয়ী আলবানি সিটি রাজধানী সিটিতে একটি উষ্ণ প্রবেশপথ তৈরি করতে ক্লিনটন স্কয়ারকে পুনরুজ্জীবিত করার প্রতি নজর দিচ্ছে। ইতিহাস, শিল্প ও সাংস্কৃতিক সম্পদে সমৃদ্ধ এই নিবিড় ও হেঁটে চলাচলের উপযুক্ত জায়গাটিতে সিটির পাঁচটি বিনিয়োগের এলাকা একত্রিত হয়েছে। সিটির রূপকল্প হলো সরাসরি ক্লিনটন স্কয়ারের পুনরুজ্জীবিতকরণের পাশাপাশি গর্ত ভরাট করার জন্য বিনিয়োগ, করিডর সম্প্রসারণ, ও টার্গেটকৃত আবাসন পুনরুজ্জীবিতকরণ প্রকল্প সরবরাহ করা। DRI বিনিয়োগের মাধ্যমে অধিবাসী, দর্শনার্থী, ও কর্মীরা হাডসন রিভারের সাথে নতুন একটি সংযোগ উপভোগ করতে পারবেন। ক্লিনটন স্কয়ার একটি সমৃদ্ধ গেটওয়ে ডিস্ট্রিক্ট এবং একটি অনন্য হাব হয়ে উঠবে যা ডাউনটাউন ও ওয়্যারহাউজ ডিস্ট্রিক্টের ক্রিয়াকলাপের মধ্যে সংযোগ স্থাপন করবে এবং সেগুলো ত্বরান্বিত করবে, এবং সরকারি অবকাঠামো সমৃদ্ধকরণ, বেসরকারি প্রকল্প উন্নয়ন এবং প্রাণবন্ত শিল্প ও বিনোদন খাতে বিনিয়োগের মাধ্যমে আর্বার হিল ও শেরিডান হলো এলাকায় এই পরিবর্তনের গতি বহাল রাখবে।

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের কমিশনার ম্যারি থেরেস ডমিঙ্গুয়েজ বলেন, "আলবানি স্কাইওয়ে এবং লিভিংস্টন এভিনিউ রেলপথ সেতুর রূপান্তরের কাজে নেতৃত্বদানে সাহায্য করতে পেরে পরিবহন বিভাগ গর্বিত, যে রূপান্তর রাজধানী অঞ্চলে বসবাসকারী, কর্মরত ও ভ্রমণে আসা ব্যক্তিদের জন্য চিত্তবিনোদনের নতুন সুযোগ-সুবিধা সরবরাহ করবে। স্কাইওয়ের নতুন শহুরে পার্কের মতো পরিবেশ যথাযথভাবে ব্যবহার না হওয়া অবকাঠামোকে কিভাবে আধুনিকায়ন করা যায় এবং সকল কমিউনিটির উপকারের জন্য ব্যবহার করা যায় এবং আমাদের আশেপাশের এলাকাগুলোকে সেগুলোর প্রাকৃতিক পরিবেশের সাথে পুনরায় সংযুক্ত করা যায় সে বিষয়টি দেখিয়ে দিয়েছে, এবং একইসাথে এই নতুন রেল সেতু হাডসন রিভারের দুইপাশে অবস্থিত দুইটি সিটিকে সংযুক্ত করতে সাহায্য করবে। এসব প্রকল্প গভর্নর হোকল যে নবায়নের ভিশনকে তার প্রশাসনের হলমার্ক বানিয়ে নিয়েছেন তার একটি উদাহরণ এবং পরিবহন বিভাগ এসব প্রচেষ্টায় নেতৃত্ব দিতে পেরে গর্বিত।"

নিউ ইয়র্কের সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ স্টেটব্যাপী নিউ ইয়র্কের ডাউনটাউনগুলোকে সেগুলোর সম্পদশালী জলভূমির সাথে সংযুক্ত করছে এবং এই প্রক্রিয়ায় চিত্তবিনোদন, পর্যটন ও অর্থনৈতিক উন্নয়নের ব্যাপক নতুন সুযোগ-সুবিধা তৈরি করছে। এই স্কাইওয়ে প্রকল্পে 1.9 মিলিয়ন ডলারের DRI বিনিয়োগ জলভূমির অ্যাক্সেস বৃদ্ধি করা, জরুরি জনসমাগমের স্থান তৈরি করা এবং আলবানির উদীয়মান ডাউনটাউনে আরো অনেক সরকারি ও বেসরকারি বিনিয়োগ কাজে লাগানোর মাধ্যমে বার বার সুফল বয়ে আনবে।"

স্টেট সিনেটর নিল ব্রেসলিন বলেন, "আলবানি স্কাইওয়ে প্রকল্প সম্পন্ন হতে দেখে আমি আনন্দিত। পথচারী চলাচলের এই নতুন পথটি ডাউনটাউন আলবানির অর্থনৈতিক

পুনরুজ্জীবিতকরণ এগিয়ে নিতে সাহায্য করবে, এবং একইসাথে হাডসন রিভার ও এম্পায়ার ট্রেইল সিস্টেম উভয়ের সাথে লোকজনের সংযোগ শক্তিশালী করবে।"

অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিশিয়া ফ্যাহি বলেন, "আলবানি স্কাইওয়ে ডাউনটাউন আলবানিকে পুনরুজ্জীবিত করার এবং একইসাথে এটিকে আমাদের শ্রেষ্ঠ প্রাকৃতিক সম্পদ, হাডসন রিভার ওয়াটারফ্রন্টের সাথে পুনরায় সংযুক্ত করার জন্য আরো একটি উদ্দীপনাময় উন্নয়ন প্রকল্প। এই স্কাইওয়ে রাজধানী অঞ্চলের এধরনের প্রথম এলিভেটেড, লিনিয়ার পার্ক হবে এবং সম্প্রতি সম্পন্ন হওয়া এম্পায়ার স্টেট ট্রেইলের সাথে নিরবচ্ছিন্ন সংযোগ তৈরি করবে। এটি আলবানির ঐতিহাসিক ডাউনটাউনের অর্থনৈতিক ও আঞ্চলিক সম্ভাবনার ক্ষেত্রে টার্গেটিকৃত ও রূপান্তরমূলক বিনিয়োগের একটি নতুন ঢেউ তুলে ধরছে। আলবানির রিভারফ্রন্ট পুনরুদ্ধার ও পুনরায় অ্যাক্সেস করার জন্য আরো I-787 নিয়ে পুনরায় ভাবনার জন্য এই কাজের সঙ্গে সংযোজন করতে চাওয়ার সময়ে এই স্কাইওয়ে আমাদের স্থানীয় অর্থনীতি ও সংলগ্ন এলাকাকে পুনরুজ্জীবিত করতে সাহায্য করবে। এই প্রকল্পকে বাস্তব রূপ দিতে তাদের কাজের জন্য মেয়র শিহান, আলবানি কমন কাউন্সিল, ও গভর্নর হোকলকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য জন টি. ম্যাকডোনাল্ড III, RPh বলেন, "আলবানি স্কাইওয়ে চালু হওয়া উপভোগ করার জন্য আজ একটি চমৎকার দিন। আলবানি সিটিকে কর্নিং রিভারফ্রন্টের সাথে সংযুক্ত করা এবং অ্যাক্সেসের ব্যবস্থা করাটা দীর্ঘদিন ধরে অপেক্ষমান একটি প্রকল্প হিসেবে থেকে গেছে। এই প্রকল্পকে বাস্তবে রূপ দিতে একসঙ্গে এগিয়ে আসার জন্য গভর্নর হোকল, আলবানি সিটির মেয়র ক্যাথি শিহান, এবং আমার স্টেট ও স্থানীয় পর্যায়ের সব অংশীদারকে ধন্যবাদ।"

আলবানি কাউন্টির এক্সিকিউটিভ ড্যানিয়েল পি. ম্যাককয় বলেন, "লোকজন যখন কোথায় বসবাস করতে ও কাজ করতে ইচ্ছুক সে সিদ্ধান্ত গ্রহণ করে, সেসময় তারা এই নতুন আলবানি স্কাইওয়ের মতো অনন্য বৈশিষ্ট্য ও তাজা আইডিয়া খোঁজে যেগুলো প্রাথমিক সুযোগ-সুবিধার গণ্ডি অতিক্রম করে আরো সামনে এগিয়ে যায়। এই এলিভেটেড পার্ক শুধু যে ডাউনটাউন আলবানিকে রিভারফ্রন্ট ও দুর্দান্ত সব চিত্তবিনোদনের সুযোগ-সুবিধার সাথে সংযুক্ত করছে তাই নয়, বরং এটি নিজেও লোকসমাগমের জন্য এবং বাইরের পরিবেশ উপভোগ করার জায়গা হিসেবে কাজ করে। অংশীদারিত্ব ছাড়া বৃহৎ কিছু সম্পন্ন করা যায় না, এবং আমি গভর্নর হোকল ও মেয়র শিহানকে এই প্রকল্প নিয়ে তাদের ভিশনের জন্য ধন্যবাদ জানাতে চাই যা এই এলাকার অব্যাহত পুনরুজ্জীবিতকরণে সাহায্য করবে এবং ভবিষ্যতে আরো বেশি বেসরকারি বিনিয়োগ আকৃষ্ট করবে।"

আলবানির মেয়র ক্যাথি শিহান বলেন, "আলবানি স্কাইওয়ে আমাদের অঞ্চলের ঐতিহাসিকভাবে সবচেয়ে বঞ্চিত একটি সেনসাস ট্র্যাক্টকে একটি পুনরুজ্জীবিত পার্ক, নতুন অর্থনৈতিক সুযোগ-সুবিধা, এবং হাডসন রিভার ওয়াটারফ্রন্ট, ক্লিনটন স্কয়ার, আর্বার হিল, ও শেরিডান হলো এর মধ্যে একটি উষ্ণ গেটওয়ে প্রদান করে। গভর্নর হোকল, NYS-এর পরিবহন বিভাগের কমিশনার ডমিংগুয়েজ, NYS সিনেটের ভাইস প্রেসিডেন্ট প্রো টেম্পোরে ব্রেসলিন, অ্যাসেম্বলি সদস্য ফ্যাহি, অ্যাসেম্বলি সদস্য ম্যাকডোনাল্ড, ও কাউন্সিল সদস্য লাভ সহ এই প্রকল্পকে সমর্থন দিয়ে যারা সাহায্য করেছেন তাদের সবাইকে এবং কয়েক দশকের মধ্যে

আমাদের সিটির অন্যতম সবচেয়ে রূপান্তরমূলক প্রকল্প তৈরি করতে সাহায্য করার জন্য সংলগ্ন আশেপাশের এলাকা ও ব্যবসায়িক কমিউনিটিগুলোকে ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418